

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৬ ফেব্রুয়ারি, ২০১৮ ২১:১৮

## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালিত

| অনলাইন ডেস্ক



ফেব্রুয়ারি মানে ভাষার মাস। আর এই ভাষার মাসেই বাংলাদেশে প্রথমবারের মত সংস্কৃতি মন্ত্রণালয়ের পক্ষ থেকে ৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস হিসেবে পালন করার উদ্যোগ গ্রহণ করেছে। যদিও গ্রন্থাগার দিবসের ইতিহাস শুরু হয় ১৯৫৪ সালের ৫ই ফেব্রুয়ারি গণগ্রন্থাগারের ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে।

সংস্কৃতি মন্ত্রণালয়ের গণগ্রন্থাগার অধিদফতর আয়োজিত এবারের দিবসটির প্রতিপাদ্য হল 'বই পড়ি স্বদেশ গড়ি'। সারাদেশে সোমবার বিভিন্ন কর্মসূচির মাধ্যমে গ্রন্থাগার পেশাজীবীরা এই দিবসটি পালন করেছে। আর এরই ধারাবাহিকতায় দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এই দিবসটি পালন করেছে।

দিবস উপলক্ষে এই ইউনিভার্সিটির গ্রন্থাগার বিভিন্ন ধরনের কার্যক্রম হাতে নিয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হল- গণগ্রন্থাগার অধিদফতর আয়োজিত শোভাযাত্রায় অংশগ্রহণ, ছাত্র-ছাত্রীদের গ্রন্থাগারের বিভিন্ন অনলাইন সেবা পরিচিতিরকরণ, সপ্তাহজুড়ে বিশেষ গ্রাহক সেবা ইত্যাদি।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি গ্রন্থাগার দেশের উল্লেখযোগ্য একাডেমিক গ্রন্থাগারের মধ্যে টেকনোলোজি এবং অন্যান্য ইউনিক সেবা চালুর ক্ষেত্রে অন্যতম।

দিবস উপলক্ষে ড. দিলারা বেগম, সহযোগী অধ্যাপক ও চেয়ারপার্সন, তথ্য শিক্ষা ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ এবং লাইব্রেরিয়ান (ইনচার্জ) এর নেতৃত্বে গ্রন্থাগারের কর্মকর্তা, শিক্ষক এবং ছাত্র-ছাত্রীরা সোমবার সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাস আফতাবনগর থেকে মূল শোভাযাত্রায় অংশগ্রহণ করে।

বিডি প্রতিদিন/০৬ ফেব্রুয়ারি ২০১৮/এনায়েত করিম

[Print](#)